কুষ্টিয়ায় মাইক্রোবাসের ধাক্কায় প্রাণ গেল ৪ স্কুলশিক্ষার্থীর

কুষ্টিয়ার খোকসায় মসজিদের মক্তবে আরবি পড়া শেষে বাড়ি ফেরার পথে মাক্রোবাসের ধাক্কায় ৪ স্কুল শিক্ষার্থী নিহত হয়েছে। এতে আহত হয়েছে আরও ২ জন।

আজ রবিবার (২৯ সেপ্টেম্বর) সকাল ৭টা ১৫ মিনিটে শিমুলিয়ায় কুঠিপাড়া এলাকায় কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহতরা হলেন- মিম (১২), তানজিলা (১১), বিথি (১২) ও সাদিয়া।

নিহত মিম শিমুলিয়া কুঠিপাড়া গ্রামের মো. হানিফের মেয়ে, তানজিলা পালন শেখের মেয়ে ও বিথি হেলাল উদ্দিনের মেয়ে ও একই এলাকায় সাদিয়া।

কুষ্টিয়া হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) হারুনর রশীদ জানান, সকালে শিমুলিয়া কুঠিপাড়া জামে মসজিদে আরবি পড়া শেষে শিক্ষার্থীরা বাড়ি ফেরার পথে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক পার হচ্ছিল। হঠাৎ ঢাকা থেকে আসা একটি দ্রুতগামী মাইক্রোবাস তাদের চাপা দিয়ে পাশের পুকুরে উল্টে পড়ে। এ সময় ঘটনাস্থলেই মিমের মৃত্যু হয়। গুরুতর আহতদের উদ্ধার করে খোকসা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে তানজিলা, বিথি ও সাদিয়া নামের আরও তিনজন মারা যায়। আহত ফাতেমা ও সাদিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

বিক্ষুব্ধ জনতা দুর্ঘটনার প্রতিবাদে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে রেখেছে বলেও জানান হারুনর রশীদ। তবে মাইক্রোবাসে কতজন যাত্রী ছিলেন বা এর চালক সম্পর্কে কোনো তথ্য প্রাথমিকভাবে জানাতে পারেননি তিনি।

এদুর্ঘটনার প্রতিবাদে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক মহাসড়ক অবরোধ করে রেখেছে বিক্ষুব্ধ জনতা। এতে সড়কের দুই পাশে যানজটের সৃষ্টি হয়।

‘ধুম ৪’ মাতাতে আসছে রণবীর কাপুর

‘ধুম’ ফ্র্যাঞ্চাইজি বলিউডের অন্যতম সফল অ্যাকশন-থ্রিলার সিরিজ। ২০০৪ সালে মুক্তির পর এই একটি সিনেমা বদলে দিয়েছিল হিন্দি অ্যাকশন সিনেমার প্রচলিত গল্প বলার ধরন। অনেকদিন থেকেই ধরেই শোনা যাচ্ছিল, ‘ধুম’-এর চতুর্থ পর্বের প্রস্তুতি চলছে। এবার জানা গেল ‘ধুম’ ফ্র্যাঞ্চাইজির চতুর্থ কিস্তি মাতাবেন অন্যতম জনপ্রিয় অ্যাকশন হিরো রণবীর কাপুর।

টাইমস অব ইন্ডিয়ার প্রতিবেদন অনুযায়ী, এতদিন ধরে চলতে থাকা জল্পনার অবসান হলো। ‘ধুম ৪’-এর প্রাথমিক গল্প শুনে এটির সঙ্গে যুক্ত হওয়ার আগ্রহ নিজেই নাকি প্রকাশ করেছেন অভিনেতা রণবীর কাপুর।

‘ধুম’ ফ্র্যাঞ্চাইজির বাড়তি আকর্ষণ তৈরি হয় খল চরিত্রকে কেন্দ্র করে। এর আগে সেই চরিত্রে বক্স অফিস কাঁপাতে দেখা গেছে জন আব্রাহাম, হৃত্বিক রোশন, আমির খানদের।

এবার সেই ব্লক ব্লাস্টার সিনেমার লিগ্যাসি বহন করবেন রণবীর কাপুর। তবে এত চমকের মাঝে একটা দুঃসংবাদও রয়েছে এবারের সিনেমায় পুলিশ অফিসারের ভূমিকায় আর অভিষেক বচ্চনকে দেখা যাবে না।

উদয় চোপড়া আগেই অভিনয় থেকে নিজেকে গুটিয়ে ফেলেছেন। শোনা যাচ্ছে তার পরিবর্তে দুই পুলিশ অফিসারের চরিত্রের জন্য যশরাজ ফিল্মসের তরফে প্রস্তাব গেছে বলিউডের নবীন প্রজন্মের দুই জনপ্রিয় অভিনেতার কাছে।

২০২৫ সালের শেষ দিকে অথবা ২০২৬ সালের শুরুতে শুটিংয়ের কথা রয়েছে। এর মধ্যে রণবীর তার ‘লাভ অ্যান্ড ওয়ার’, ‘রামায়ণ’-এর প্রথম ও দ্বিতীয় পর্বের শুটিং শেষ করবেন। এরপরই যোগ দেবেন ধুমের শুটিংয়ে।

সুত্র: ইত্তেফাক

সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপে পাকিস্তানকে হারিয়ে ফাইনালে বাংলাদেশ

ভুটানে অনুষ্ঠানরত সাফ অনূর্ধ্ব-১৭ চ্যাম্পিয়নশিপের দ্বিতীয় সেমিফাইনালে নাটকীয় লড়াইতে পাকিস্তানকে সাডেন ডেথে হারিয়ে ফাইনালে ওঠে বাংলাদেশ। এর আগে সেমিফাইনালে নেপালকে ৪-২ গোলে হারিয়ে ফাইনালের টিকিট নিশ্চিত ভারত। শিরোপা জয়ের লড়াইয়ে আগামীকাল ফাইনালে মুখোমুখি হবে বাংলাদেশ ও ভারত।

গত আসরে অনূর্ধ্ব-১৬ চ্যাম্পিয়নশিপের ফাইনালে মুখোমুখি হয় বাংলাদেশ ও ভারত। সেবার বাংলাদেশকে হারিয়ে শিরোপা জিতেছিল ভারতীয়রা। পাকিস্তানের বিপক্ষে প্রথমার্ধে ১-০, দ্বিতীয়ার্ধে পেনাল্টিতে গোল হজম করে ২-০ তে পিছিয়ে ছিল বাংলাদেশ। ৬৩ মিনিটে বদলি খেলতে নেমে ৭৪ মিনিটে ব্যবধান কমান মানিক, ২-১।

খেলার শেষ দিকে নাটকীয় ভাবে খেলায় ফেরে বাংলাদেশ। ইনজুরি টাইমে ৯৪ মিনিটে আবারও গোল করে (২- ২) সমতা এনে নিশ্চিত হার থেকে বাঁচান মানিক। টাইব্রেকিংয়ে নাটক আরও জমে যায়। ৫টা করে শট নেয় দুই দল। সবাই গোল করে। ম্যাচের নিষ্পত্তি ঘটে সাডেন ডেথে। সেখানে গিয়ে ৮-৭ গোলে বাংলাদেশ হারায় পাকিস্তানকে।

গতকাল সেমিফাইনালে পাকিস্তানের বিপক্ষে মাঠে নেমে শুরু থেকে অগোছালোভাবে খেলতে থাকে। নিজেদের ভুলে ম্যাচের ৩২ মিনিটে পিছিয়ে পড়ে বাংলাদেশ। এছাড়াও ৬২ মিনিটে ডি-বক্সের ভেতর হ্যান্ডবল করেন বাংলাদেশের ডিফেন্ডার। তাতেই পেনাল্টি পায় পাকিস্তান। সেই শর্টে গোল করে ব্যবধান দ্বিগুণ করেন পাকিস্তানি ফরোয়ার্ড আবদুল রেহমান।

তবে তখনও ম্যাচের নাটকীয়তা বাকি ছিল। ম্যাচের ৭৪ মিনিটে মো. মিঠু চৌধুরীর গোলে ব্যবধান কমায় বাংলাদেশ এবং ম্যাচের অতিরিক্ত সময় অথাৎ ৯৩ মিনিটে মানিকের গোলে সমতায় ফেরে বাংলাদেশ। অরিতিক্ত সময় না থাকায় ম্যাচ সরাসরি গড়ায় ট্রাইব্রেকারে। সেখানে

পাকিস্তানকে ৭-৮ ব্যবধানে হারিয়ে ফাইনাল নিশ্চিত করেন টাইগার যুবারা।

তবে জয় পেলেও এদিন শুরু থেকে একাধিক গোল মিস করে বাংলাদেশের ফরোয়ার্ড লাইন। যা দেশের ফুটবলে পুরোনো সমস্যা। জাতীয় দল থেকে বয়সভিত্তিক দল। সবখানে চোখে পড়ে একই চিত্র। গতকাল জয় পেলেও অসংখ্য ম্যাচে গোলের সুযোগ পেয়েও কাজে না লাগাতে পারায় হারের স্বাদ নিয়ে মাঠ ছাড়তে হয়েছে বাংলাদেশকে। তবে এসব বিষয়ে উদাসীন ফুটবল কর্তারা। নেই কোনো দৃশ্যমান পদক্ষেপ। যার কারণে ফিছিয়ে পড়ছে দেশের ফুটবল। ভক্ত-সমর্থকেরাও মুখ ফিরিয়ে নিচ্ছে।

তবে দেশের ফুটবল ভক্তদের দাবি চিরচেনা রূপে ফিরুক দেশের ফুটবল। নিজেদের সামর্থ্যের প্রমাণ দিক বিশ্বমঞ্চে। এর আগে গ্রুপ ‘এ’ থেকে গোল ব্যবধানে এগিয়ে থাকায় মালদ্বীপকে টপকে রানার্সআপ হয়ে সেমিফাইনালের টিকিট কাটেন লাল-সবুজের প্রতিনিধিরা।

সূত্র: ইত্তেফাক

মুজিবনগরে কৃষকদের গ্রীষ্মকালীন পেঁয়াজ বীজ বিতরণের উদ্বোধন

মুজিবনগরে ২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের উদ্দেশ্য পেঁয়াজ বীজ বিতরণের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আয়োজনে, উপজেলার ৩ হাজার ৫শত কৃষকের মাঝে এই বীজ বিতরণের উদ্বোধন করা হয়।

বীজ বিতরণ অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বীজ বিতরণের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ও ওমর ফারুক প্রিন্সসহ উপজেল উপসহকারী কৃষি কর্মকর্তা বৃন্দ।

২০২৪-২৫ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে গ্রীষ্মকালীন পেঁয়াজ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় উপজেলার ৩ হাজার ৫ শত কৃষকের মাঝে ১ কেজি পেঁয়াজ বীজ, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি সার, ৫০ গ্রাম ওজনের ১পেকেট কীটনাশক এবং ১০০ ফুটের এক পিস পলিনেট বিতরণ করা হবে।

দামুড়হুদা উপজেলা ওলামা পরিষদের উদ্যোগে বিক্ষোভ মিছিল

হযরত মুহাম্মদ সাঃ এর কটুক্তি করায় দামুড়হুদা উপজেলা ওলামা পরিষদের উদ্যোগে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকাল পাঁচটার দিকে দামুড়হুদা চৌরাস্তার মোড় থেকে মিছিল বের হয়ে বাসস্ট্যান্ড ঘুরে আবার চৌরাস্তায় মোড়ে এসে শেষ হয়।

জানাযায়, ভারতের এক হিন্দু পুরহিত রামগীরি মহরাজ এবং তার সম্মর্থন করে বি জে পি সংসদ নিতেশ রানে হযরত মুহাম্মদ সাঃ এর অশ্লীলীন নানা কটুক্তি করাই বাংলাদেশের বিভিন্ন প্রান্তের ধর্ম প্রাণ মুসল্লিরা বিক্ষোভ সমাবেশ করেছেন। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা উপজেলা উলামা পরিষদের আয়োজনে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করা হয়।

এ সময় বক্তারা মহানবী হযরত মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবমান কারীদের গ্রেফপ্তার করে হিন্দু পুরোহিত রামগিরি মহারাজ কে দৃষ্টান্তমূলক শাস্তি মৃত্যুদণ্ডর দাবি করেন।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা উলামা পরিষদের সভাপতি

মুফতি আলী আকবর, সাধারণ সম্পাদক আব্দুস সবুর কোষাধক্ষ্য দামুড়হুদা বাসস্ট্যান্ড জামে মসজিদের পেশ ইমাম মুফতি ইখলাস উর রহমান, উপজেলা মসজিদের পেশ ইমাম মাওলানা আশরাফুল আলম । মুফতি আব্দুল আওয়াল, মাওলানা খালেদ সাইফুল্লাহ, মাওলানা আরিফুল ইসলাম, দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসার সহসুপার অবসরপ্রাপ্ত জয়নাল আবেদিন, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সহ-সভাপতি মুনতাজ আলীসহ এলাকার ধর্মপ্রান সাধারণ মানুষ।

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস পালিত

চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২৪ উদযাপন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ শনিবার সকাল ৯টায় জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলনকক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

‘কর্তৃপক্ষের সকল দ্বার, খুলে দেবে তথ্য অধিকার’ স্লোগানে আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম।

আলোচনা সভায় বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গার অতিরিক্ত পুলিশ সুপার (পুলিশ সুপার পদে পদোন্নতিপ্রাপ্ত) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহযোগী অধ্যাপক মো. জাহিদুল হাসান, মুন্সী আবিু সাঈফ, জেলা তথ্য অফিসার শিল্পী মণ্ডল, জাতীয় দৈনিক আজকের পত্রিকা ও ডেইলি মর্নিং গ্লোরির চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি এবং দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার নিজস্ব প্রতিবেদক মেহেরাব্বিন সানভী, সাংবাদিক অ্যাড. রফিকুল ইসলাম, বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন চুয়াডাঙ্গার প্রতিনিধি সাফ্ফাতুল ইসলাম, জেলা ব্রাক প্রতিনিধি মানিক ম্যাক্সি মিলিয়ান রুগা, চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুলের শিক্ষার্থী সাকিব হাসান তুষার, নাদিয়াতুল জান্নাত, রায়না হাবিবা প্রমুখ। আলোচনা সভাটি পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

মোহাম্মদ আলাউদ্দীন আল আজাদ।

এ সময় আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কালেক্টরেটের সিনিয়র সহকারী কমিশনার রেজওয়ানা নাহিদ, তিথি মিত্রসহ চুয়াডাঙ্গা কালেক্টরেটের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ, বিভিন্ন ইউনিয়ন পরিষদের সচিব, হিসাব সহকারী ও উদ্যেক্তা, বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক মোহাম্মদ জহিরুল ইসলাম বলেন, যার যার অবস্থান থেকে তথ্য অধিকার আইন বাস্তবায়নে সহযোগিতা করতে হবে। জনগণ তথ্য চাইবে, আপনারা দিবেন। সিটিজেন চার্টার দৃশ্যমানভাবে টাঙিয়ে রাখি। ওয়েব পেজ আছে সেখানে সরকারি প্রকল্প তুলে দেবেন। তাহলে জনগণের তথ্য জানা প্রসারিত হবে। স্বচ্ছতা, জবাবদিহিতা কতটুকু চর্চা করতে পারছি তার ওপর নির্ভর করছে।

প্রাথমিক সহকারি শিক্ষকদের ১০ গ্রেড বাস্তবায়নের দাবীতে আলমডাঙ্গায় মানববন্ধন

প্রাথমিক সহকারি শিক্ষকদের ১০ম গ্রেড বাস্তবায়নের দাবীতে আলমডাঙ্গায় শিক্ষকরা মানববন্ধন কর্মসুচী পালন করেছে। আজ শনিবার সকাল ১০ টায় উপজেলা গেট প্রাঙ্গণে বিভিন্ন স্কুলের কয়েকশ’ শিক্ষক এ মানব বন্ধন কর্মসুচীতে অংশ গ্রহণ করেন।

মানববন্ধন কর্মসুচীতে বক্তাগণ বলেন,আমরা প্রাথমিক সহকারি শিক্ষকরা অবহেলিত। দেশে আজ বিপ্লবের মাধ্যমে নতুন করে স্বাধীনতা অর্জিত হয়েছে। সর্বক্ষেত্রে বৈষম্য দূর করা হচ্ছে। আজকে আমরা যে বৈষম্যের শিকার, বর্তমান সরকারের কাছে আমাদের দাবী এই বৈষমের হাত থেকে মুক্ত করে ১০ম গ্রেড বাস্তবায়ন করতে হবে।

মানববন্ধন কর্মসুচী উপস্থিত ছিলেন সহকারি ইকবাল উদ্দিন আহম্মেদ,

হাফিজুর রহমান, হাসান সাজিব হাবিব,শান্তনু চক্রবর্তী, রবিউল ইসলাম, আনিসুজ্জামন, জহুরুল ইসলাম, আলিহিম গুরু, হাসানুজ্জামান, আবুল কালাম আজাদ, মোস্তাফিজুর রহমান, আশরাফুল আলম, রিজভী আহম্মেদ, তবিবুর রহমান প্রমুখ।

আবেগের বশে অন্তর্বর্তী সরকারকে জাতির প্রত্যাশার বাইরে কাজ না করার আহ্বান জামায়াতের

আবেগের বশে অন্তর্বর্তী সরকার যেন জাতির প্রত্যাশার বাইরে কাজ না করে, জাতির চেতনাকে তারা যেন ধারন করেন। ২৪ বিপ্লবের চেতনাকে তারা যেন সম্মান করেন। আমরা তাদের কাছে সেটুকুই আশা করি। তবে আবেগবশত দু-একটা কাজ হয়ে যাচ্ছে। এটা হওয়া উচিত নয়, কি হয়ে যাচ্ছে তা ভেঙে বলতে চাচ্ছি না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। আজ শনিবার সকালে চুয়াডাঙ্গার স্থানীয় একটি হোটেলে দায়িত্বশীল সমাবেশে অংশ নিয়ে এ কথা বলেন তিনি।

এসময় ভারতনীতি নিয়ে জামায়াতের আমির আরও বলেন, ভারতের ব্যাপারে আলাদা করে বলার কিছু নেই। ভারত যেমন একটি দেশ, আমরাও একটি দেশ। ভারত ছাড়াও আমাদের প্রতিবেশী আছে এবং বিশ্বসভায় আরও অনেকগুলো দেশ আছে। বিশ্বসভার সমস্ত সদস্যরা আমরা মিলেমিশে পারস্পারিক মযাদা ও সমতার ভিত্তিতে আমরা আমাদের সম্পর্ককে সামনে এগিয়ে নিব।

দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে ডা. শফিকুর রহমান বলেন, বিভক্তি নয়, ঐক্যই হোক এ জাতির সৌন্দয্য এবং শক্তির প্রতীক। নির্বাচনে যৌক্তিক সময় কতটুকু হতে পারে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যৌক্তিক সময়ের হাড়ি আমরা হাঁটে ভেঙে দিব। দেরি করবো না।

চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার এ দায়িত্বশীল সম্মেলনের সভাপতিত্ব

করেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতের আমির রুহুল আমীন। বিশেষ অতিথি ছিলেন, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া অঞ্চল পরিচালক মোবারক হোসাইন।

আরও উপস্থিত ছিলেন, কুষ্টিয়া জেলা জামায়াতের আমির আবুল হাশেম, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের নায়েবে আমির মাও. আজিজুর রহমান, মেহেরপুর জেলা জামায়াতের নায়েবে আমির মাও. মাহবুবুর রহমান, চুয়াডাঙ্গা জেলার সেক্রেটারি আসাদুজ্জামান, মেহেরপুর জেলার সেক্রেটারি ইকবাল হোসাইন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সাবেক আমির আনোয়ারুল হক মালিক, চুয়াডাঙ্গা জেলার সহ-সেক্রেটারি আব্দুল কাদের, মাসুদ পারভেজ রাসেল, ইসলামী ছাত্র শিবিরের চুয়াডাঙ্গা জেলার সভাপতি হাফেজ মোহসিনসহ অন্যান্য নেতৃবৃন্দ।

দর্শনা কেরুজ চিনিকলের মতবিনিময় সভা অনুষ্ঠানে এমডি রাব্বিক হাসান

দর্শনা কেরুজ চিনিকলের ২০২৪-২৫ রোপন মাড়াই মৌসুম উন্নত জাতের আখ পরিষ্কার-পরিচ্ছন্ন আখ সরবরাহের লক্ষ্যে সি ডি এ, সি আই সিদের সাথে মতবিনিময় সভা অনুষ্টিত হয়েছে।

আজ শনিবার সকাল ১১ টার দিকে ট্রেনিং কমপ্লেক্স, ভবনে এ সভা অনুষ্টিত হয়। এ সভায়(মহাব্যবস্থাপক কৃষি) মোহাম্মদ আশরাফুল আলম ভূঁইয়ার সভাপতিত্বে, প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা কেরুজ চিনিকলের নবাগত ব্যবস্থাপনা পরিচালক এফসিএমএ এ রাব্বিক হাসান।

এ সময় তিনি বলেন,সরকারের এ ভারী শিল্প প্রতিষ্ঠান আপনাদেরই সম্পদ। এ সম্পদ রক্ষা ও টিকিয়ে রাখার দায়িত্ব আপনাদেরকেই নিতে হবে। সেক্ষেত্রে বেশী বেশী আখচাষের বিকল্প নেই। মনে রাখতে হবে এলাকার অন্যতম অর্থনৈতিক চালিকা শক্তি ঐতিহ্যবাহি কেরুজ চিনিকলের মূল কাচামাল হচ্ছে আখ। সরকার যেমন আখের মূল্য বৃদ্ধি করেছে,

তেমনি কৃষকদের সবধরণের সুযোগ-সুবিধা ও সেবা নিশ্চিত করেছে। আখের অধিক ফলনে কার্যকরি পদক্ষেপ গ্রহন করেছি আমরা। একর প্রতি আখের ফলন বৃদ্ধিতে করণীয় বিষয়য়ে আমরা সবসময় কৃষকদের পরামর্শ দিয়ে আসছি। ফলে আখচাষে অধিক মুনাফা অর্জনে কৃষকদের হতে হবে আন্তরিক। উন্নত জাতের আখচাষ সহ সঠিক পরিচর্যা করতে হবে।
কেরুজ চিনিকলটি টিকিয়ে রাখতে হলে সবার জায়গা থেকে পরিশ্রম করতে হবে।এবং আখ চাষীদের সাথে সব সময় যোগাযোগ রাখতে হবে।

বিশেষ অতিথি হিসাবে ,মহাব্যাবস্থাপক কৃষি দেলোয়ার হোসেন, কেরুজ শ্রমিক ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, ও সাধারণ সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,এ অনুষ্ঠানটি কৃষি বিভাগের আয়োজনে অনুষ্টিত হয়। অনুষ্ঠানটি পরিচালনা করেন,ডিজিএম সম্পসারন মাহবুবুর রহমান।

দর্শনায় ২৮০ বোতল ফেনসিডিসহ জামাই শাশুড়ি আটক

চুয়াডাঙ্গা জেলার সীমান্তবর্তী দর্শনায় সেনাবাহিনীর যৌথ অভিযানে ভারতীয় ২৮০ বোতল ফেনসিডিলসহ জামাই শাশুড়িকে আটক করেছে।

আজ শনিবার (২৮ সেপ্টেম্বর) সকাল ১১ টার দিকে সীমান্তবর্তী দর্শনা পৌরসভার মোহাম্মদপুর এলাকা থেকে তাদেরকে আটক করে।

সেনাবাহিনী ও মাদকদ্রব্য অধিদপ্তর সূত্র জানায়, আজ শনিবার সকাল ১১ টার দিকে ৫৫ পদাতিক ডিবিশন সেনাবাহিনীর ক্যাপ্টেন মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সেনাবাহিনীর একটি টিম ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল হাসান খান সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা পৌর এলাকার মোহাম্মদপুরে মাদক বিরোধী একটি যৌথ অভিযান চালায়।

এ সময় দর্শনা আজিমপুরের মাদক ব্যবসায়ী চায়না খাতুনের বাড়ি থেকে ২৮০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার সহ ঘটনার সাথে জড়িত চায়না খাতুন (৪৫) ও তার জামাতা রাজা মিয়াকে (২৪) আটক করে। আজ শনিবার বিকালে দর্শনা থানায় তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে একটি মামলা

দায়ের করেছে। আজ তাদের দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে দর্শনা থানা পুলিশ।